



জোনাইল ডিগ্রী কলেজ

ডাকঘরঃ জোনাইল, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।

স্থাপিতঃ ১৯৯৬ইং

EIIN: 123979, Web: www.jdc.edu.bd, E-mail: jonailcollege@gmail.com

কলেজ কোডঃ উচ্চ মাধ্যমিক-2155, ডিগ্রী-2330

অত্র কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির শর্তাবলী

- করোনা ভাইরাস বৃদ্ধি পাওয়ার কারণে অত্র কলেজে একাদশ শ্রেণীর ভর্তি কার্যক্রম অনলাইনের মাধ্যমে (www.jdc.edu.bd) সম্পন্ন করা হবে।
- একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাসিক বেতন ২০০(দুইশত) টাকা। ভর্তির সময় ৬(ছয়) মাসের বেতন পরিশোধ করতে হবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাস থেকেই কলেজের নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে শ্রেণীকক্ষে আসতে হবে।
- প্রথম বর্ষের প্রথম সাময়িকী পরীক্ষা বাধ্যতামূলক।(পাঠদান কার্যক্রম শুরু হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ৬ মাসের মধ্যে প্রথম বর্ষের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অন্যথায় দ্বিতীয় বর্ষে প্রমোশন দেয়া হবে না।
- বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নির্ধারিত ফি ৪০০/= (চারশত) টাকা প্রদান করে দ্বিতীয় বর্ষে ভর্তি হতে হবে।
- কোন শিক্ষার্থী ক্লাসে ৭৫% উপস্থিত না থাকলে নন-কলেজিয়েট/ডিস-কলেজিয়েট বলে বিবেচিত হবে। সে ক্ষেত্রে উক্ত শিক্ষার্থী পাবলিক পরীক্ষা ও উপ-বৃত্তিসহ অন্যান্য সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হবে।
- অত্র কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রথম ক্লাসে ফুল দিয়ে বরণ করে নেয়া হবে। পরবর্তিতে কোন নবীন বরণ অনুষ্ঠান করা হবে না।
- করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে ১৫ জানুয়ারী -১৫ ফেব্রুয়ারী ইংতারিখের মধ্যে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত স্থানে শিক্ষা সফর অনুষ্ঠিত হবে।
- নির্বাচনী পরীক্ষা বধ্যতা মূলক। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন ভাবেই পাবলিক পরীক্ষার ফরম পূরণ করা যাবে না।
- করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়া সাপেক্ষে সপ্তাহের প্রতি শনিবার সকাল ৯ ঘটিকায় পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় পতাকাকে সম্মান প্রদর্শন, শপথ বাক্য পাঠ ও জাতীয় সংগীত পরিবেশন করা হবে। উক্ত কর্মসূচীতে সকলের উপস্থিতি বাধ্যতা মূলক।
- সপ্তাহের প্রতি বৃহস্পতিবার দুপুর ১২ ঘটিকা হইতে সংস্কৃতি ও স্কাউট দলের অনুশীলন চর্চা করা হবে।
- কলেজের সকল তথ্য ওয়েবসাই (www.jdc.edu.bd) ও ফেইসবুক পেজ (জোনাইল ডিগ্রী কলেজ)এর মাধ্যমে জানা যাবে।

উপরে উল্লিখিত শর্তাবলী মেনে নিয়ে অত্র কলেজের একাদশ শ্রেণীতে ভর্তি হলাম।